

## অস্ট্রেলিয়া যুবলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

অস্ট্রেলিয়ায় যুবলীগের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে শুক্রবার (১৭ নভেম্বর' ২০১৭) সন্ধ্যায় স্থানীয় একটি রেস্তোরাঁয় এক আলোচনা সভার আয়োজন করা হয়।

সংগঠনের সভাপতি মুশতাক মিরাজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন অস্ট্রেলিয়া আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ড. আবুল হাসনাখ মিল্টন।



আয়োজক সংগঠনের সংগ্রামী সাধারণ সম্পাদক নোমান শামীমের সঞ্চালনায় সভায় অন্যদের মধ্যে মুক্তিযোদ্ধা এনায়েতুর রহিম বেলাল, অস্ট্রেলিয়া আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হারুনুর রশীদ, অস্ট্রেলিয়া আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আলাউদ্দিন অলোক, ত্রান বিষয়ক সম্পাদক জাকির হোসেইন, কলামিস্ট ড. শাখাওয়াখ নয়ন, অস্ট্রেলিয়া যুবলীগের সহ-সভাপতি ওমর ফারুক পলাশ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা সাইফুল ইসলাম, অস্ট্রেলিয়া যুবলীগের ক্রীড়া সম্পাদক আলী আশরাফ হিমেল, অস্ট্রেলিয়া ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম রঞ্জবেল, অস্ট্রেলিয়া যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অপু সারওয়ার, অস্ট্রেলিয়া যুবলীগের সাংগঠনিক সম্পাদক এলিজা আজাদ টুম্পা, অস্ট্রেলিয়া যুবলীগের সাংগঠনিক সম্পাদক মহীউদ্দীন চৌধুরী মহী এবং ত্রান বিষয়ক সম্পাদক এস এম আমিনুল রঞ্জবেল প্রমুখ বক্তব্য দেন।



এসময় বক্তারা যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বীর মুক্তিযোদ্ধা ও বঙ্গবন্ধু বিশ্বস্ত সেনানী শেখ ফজলুল হক মনি'র জীবনী তুলে ধরেন এবং ১৫ই আগস্টে সপরিবারে তাঁর নির্মম হত্যাকাণ্ডের প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন। এসময় জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের প্রায় এক দশক নিয়ে আলোচনা করে বক্তারা বলেন, বাংলাদেশের উন্নয়নে আওয়ামী লীগের বিকল্প নেই এবং আগামী নির্বাচন বাংলাদেশের অব্যাহত উন্নয়ন নিশ্চিত করতে আওয়ামী লীগকেই ক্ষমতায় আসতে হবে। সেই সাথে মেধা ও মননের আত্মিক উন্নতির মাধ্যমে বাংলাদেশের যুবসমাজকে সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর মাধ্যমে যোগ্য নেতৃত্ব তৈরির কাণ্ডারি কেন্দ্রীয় যুবলীগের চেয়ারম্যান আলহাজ্ব ওমর ফারুক চৌধুরীর নেতৃত্বে অবিচল আস্থা জ্ঞাপন করা হয়। আলোচনা শেষে কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়, নৈশভোজের মাধ্যমে প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠান শেষ হয়।